Bangladesh Hi-Tech Park Authority (BHTPA)

Welcome to One Stop Service (OSS)

# Online One Stop Service (OSS)

# Online OSS এর ব্যবহারিক নির্দেশিকা

## সংস্করণ ০.১.১

হাই-টেক পার্কে বিনিয়োগকারীদের ব্যবহারের জন্য


উন্নয়নে

**বিজনেস অটোমেশন লিঃ**

এসটিপি-১, বিডিবিএল ভবন (৯ম তলা), ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ +৮৮০৯৬০২৬৬৭৭৬-৭, ৯১৩৪৫১০, ৯১৩৪৫১১, ফ্যাক্সঃ ৯১৪৩৬৫৬

web: www.batworld.com

# Contents

১. ভূমিকা ........ 3
২. OSS লগ ইন ........ 4
৩. Visa Recommendation ........ 9
৪. Visa Recommendation এর আবেদন ........ 9
৫. পেমেন্ট ........ 15

# ১. ভূমিকা

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশি-বিদেশি বিনিয়োগকারীদের দ্রুত সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) চালু করেছে। হাই-টেক পার্কগুলোতে দেশি-বিদেশি বিনিয়োগকারীগণকে দ্রুত হয়রানি মুক্ত বিভিন্ন সেবা প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে অনলাইন ওয়ান স্টপ সার্ভিস এর মাধ্যমে সেবা প্রদান করা হবে। হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সহজীকরণের লক্ষ্যে অনলাইন ভিত্তিক ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) চালু করতে যাচ্ছে। এর ফলে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকরণের মাধ্যমে দেশি-বিদেশি বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করা সম্ভব হবে।

'ওয়ান স্টপ সার্ভিস' দ্বারা দেশের বিভিন্ন প্রান্তে গড়ে ওঠা হাই-টেক পার্কগুলো হতে মানসম্পন্ন ও কার্যকর সেবা প্রদান করা সম্ভব হবে এবং বিনিয়োগকারীরা কোনো রকম জটিলতা ছাড়াই সহজে বিভিন্ন সেবা গ্রহণের সুযোগ পাবেন যা দেশের উন্নয়ন কর্মকান্ডকে আরো ত্বরান্বিত করবে।

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের ক্ষেত্রে অত্যন্ত দক্ষতার সঙ্গে বিজনেস অটোমেশন লিমিটেডের এক ঝাঁক সফটওয়্যার ইঞ্জিনিয়ার এই সিস্টেমটি তৈরি করেছে। সিস্টেমটি এমনভাবে তৈরি হয়েছে যেন প্রত্যেক ইনভেষ্টর পৃথিবীর যে কোন প্রান্ত হতে সরাসরি অনলাইনে আবেদন করতে পারে।


হাই-টেক পার্কের বিনিয়োগকারীরা কিভাবে প্রজেক্ট রেজিস্ট্রেশন (Project Registration) করবেন তার উপর এই ব্যবহারিক নির্দেশিকাটি তৈরি হয়েছে।

# ২. OSS লগ ইন

**ধাপ-১:** ওএসএস সিস্টেমে লগ ইন করার জন্য https://ossbhtpa.gov.bd লিংকে প্রবেশ করতে হবে। লিংকে প্রবেশ করার পর ইউজার থাকলে Login ক্লিক করে লগইন করতে হবে এবং যদি ইউজার না থাকে তবে +Create OSSPID account বাটন ক্লিক করে Sign Up করতে হবে।



ধাপ-২: Sign up বাটনে ক্লিক করলে নিম্নোক্ত পেজ দেখাবে। এই পেজ এ প্রয়োজনীয় তথ্য পূরণ করে "Submit" বাটনে ক্লিক করতে হবে। "Submit" বাটনে ক্লিক করার পর যে মেইল ব্যবহার করে ইউজার তৈরি করা হয়েছে সেখানে একটি ভেরিফিকেশন লিংক যাবে।



**ধাপ-৩:** নিম্নোক্ত উইন্ডোতে চিহ্নিত অংশের ভেরিফিকেশন লিংকে ক্লিক করে ভেরিফাই করতে হবে।


Bangladesh Hi-Tech Park Authority (BHTPA)

Dear User,

Thank you for requesting to open an account in our system.
Click the following link to verify your email account.
Verify the e-mail address you have provided earlier

All right reserved by Bangladesh Hi-Tech Park Authority (BHTPA) 2021.

**ধাপ-৪:** ভেরিফাই করার পর নিম্নোক্ত উইন্ডোতে চিহ্নিত অংশের একটি পাসওয়ার্ড পাওয়া যাবে।


Bangladesh Hi-Tech Park Authority (BHTPA)

Dear User,

Your account password :V07UFvh62I
This is a sectret password generated by the system.But to ensure your own security and convenience, you should change the password after logging in.

Thanks,
Bangladesh Hi-Tech Park System Authority

All right reserved by Bangladesh Hi-Tech Park Authority (BHTPA) 2021.


ধাপ-৪: OSSPID একাউন্ট তৈরি করার পর https://ossbhtpa.gov.bd লিংকে প্রবেশ করে User ID (Mail) এবং Password দিয়ে লগ ইন করতে হবে।





ধাপ-৫: লগ ইন করার পর নিম্নোক্ত ফর্মটি দেখতে পাওয়া যাবে। এই ফর্ম থেকে প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে।

**First Name, Middle Name, Last Name**: Applicant এর নাম।
**Gender**: Dropdown থেকে Select করতে হবে।
**Sign Up Type**: Dropdown থেকে Select করতে হবে।
**User Type**: Dropdown থেকে Select করতে হবে।
**Organization Type**: যদি Existing Organization হলে Existing এবং নতুন হলে New Select করতে হবে। নতুন হলে Organization Name দিতে হবে।
**Nationality**: Dropdown থেকে Select করতে হবে।
**Identification Type**: Button থেকে Select করতে হবে।
**National ID/ Passport No**: Identification Type যদি National ID হয় তবে National ID No এবং Passport হলে Passport No দিতে হবে।
**Date of Birth**: Calendar থেকে Select করতে হবে।
**Correspondent Address & Contact Details**: আবেদনকারীর বিভিন্ন ব্যক্তিগত তথ্যগুলি যুক্ত করতে হবে এবং Authorization Letter যুক্ত করতে হবে।


উপরোক্ত তথ্যগুলি পুরণ করে Submit বাটন ক্লিক করতে হবে।



ধাপ-৫: Submit করার পর নিম্নোক্ত উইন্ডো আসবে। System Admin এর অনুমোদন এর জন্য অপেক্ষা করতে হবে।





ধাপ-৫: System Admin অনুমোদন করার পর বিনিয়োগকারী Dashboard দেখতে পাবে।




# ৩. Visa Recommendation

# ৪. Visa Recommendation এর আবেদন

Visa Recommendation এ new application এ ক্লিক করার পর নিম্নোক্ত ফর্মটি দেখতে পাওয়া যাবে।




উক্ত ফর্মটির Project Information এর Approved Project Registration reference no: এই Field এ approved project registration no. প্রদান করে Load Project Registration Data বাটনটি Click করতে হবে। এরপর ফর্মটিতে Project Registration এর Data গুলো Load হয়ে যাবে।


**Type of Visa required for the Incumbent Foreign Nationals**: কি ধরনের ভিসা প্রয়োজন তা Dropdown থেকে Select করতে হবে।

Country: জন্মস্থান Dropdown থেকে Select করতে হবে।

Embassy/High Commission: দূতাবাস Dropdown থেকে Select করতে হবে।

এরপর Next বাটনটি Click করলে নিম্নোক্ত ফর্মটি দেখতে পাওয়া যাবে।

Particulars of Sponsor/Employers




Name of Applicant: Applicant এর Name লিখতে হবে ।

যেহেতু আগের পেজটিতে approved project registration no ব্যাবহার করার কারণে Project Registration এর Data গুলো Load হয়েছে সেহেতু অনেক Field এ Data ইতিমধ্যে Load হয়েছে ।

এরপর Next বাটনটি Click করলে নিম্নোক্ত ফর্মটি দেখতে পাওয়া যাবে।



**Name of the foreign National**: আগত বেক্তির নাম লিখতে হবে।

**Company name**: কর্মরত কোম্পানির Name লিখতে হবে।

Designation: পদবি লিখতে হবে।

Nationality: জাতীয়তা লিখতে হবে।

Passport No: পাসপোর্ট নাম্বার লিখতে হবে।
Gender: Male অথবা Female অপশনটি Select করতে হবে।

Marital Status: বৈবাহিক অবস্থা লিখতে হবে।

Incumbent Photo: Photo যুক্ত করতে হবে।

Incumbent Signature: Signature যুক্ত করতে হবে।

## Passport Information:

Place of Issue: কোথা থেকে Issue করা হয়েছিল তা লিখতে হবে।

Date of Issue: কবে Issue করা হয়েছিল তা লিখতে হবে।

Expiry Date: কবে Expiry Date তা লিখতে হবে।

## Permanent Address:

এখানে স্থায়ী ঠিকানা লিখতে হবে। জন্মস্থান, রাজ্য লিখতে হবে।

## Academic Qualification:

Highest Degree: সর্বোচ্চ অর্জিত Degree লিখতে হবে।

College/ University: প্রতিষ্ঠান এর নাম লিখতে হবে।

Result: প্রাপ্ত ফলাফল লিখতে হবে।

Certificate PDF আকারে Attach করতে হবে।

## Proposal Visit Schedule:

Arrival Date: আগমন এর তারিখ লিখতে হবে।

Arrival Time: আগমন এর সময় লিখতে হবে।

Arrival Flight No: যেই flight এ আগমন করবে তা লিখতে হবে।

Departure Date: প্রস্থান এর তারিখ লিখতে হবে।

Departure Time: প্রস্থান এর সময় লিখতে হবে।

Departure Flight No: যেই flight এ প্রস্থান করবে তা লিখতে হবে।

Duration of staying (In days): যতদিন থাকা হবে তা লিখতে হবে।


Entry Type: Dropdown থেকে Select করতে হবে ।

Purpose of Visit: কি উদ্দেশ্যে আগমন করা হয়েছে তা লিখতে হবে।

Approved project registration no ব্যাবহার করার কারণে Project Registration এর Data গুলো Load হয়েছে। তাই Compensation and Benefits এবং Manpower of the office এ Values অটো Generate হয়েছে।

কোন প্রকার **সংশোধনী** প্রয়োজন হলে এখানে তা করা সম্ভব হবে ।

এরপর Next বাটনটি Click করলে নিম্নোক্ত ফর্মটি দেখতে পাওয়া যাবে।



Application for Visa Recommendation

1. Basic Requirement
2. Applicant Information (Part A)
3. Applicant Details (Part B)
4. Attachments (Part C)
5. Submit

6. Required Documents for attachment

| No. | Required Attachments | Attached PDF file |
|---|---|---|
| 1 * | Copy of Appointment Letter | Choose file No file chosen |
| 2 * | Copy of Flight Schedule / Itinerary / Air Ticket | Choose file No file chosen |
| 3 | Copy of passport (Full set) of the Expatriate (Whole of the used part) | Choose file No file chosen |
| 4 | Others | Choose file No file chosen |

Save as Draft | Previous | Next

Required Attachments:

প্রয়োজনীয় তথ্যাদি PDF আকারে Attach করতে হবে।

## Service Fee Payment:

আবেদনকারী তার তথ্যাদি যাচাই শেষে, Term and Conditions এ সম্মতি প্রদান করবেন। এরপর Payment & Submit বাটনটিতে Click করতে হবে।

# ৫. পেমেন্ট

“Payment & Submit” বাটন ক্লিক করলে নিম্নোক্ত পেজ দেখা যাবে। এখানে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পেমেন্ট করতে হবে।

